

## U.G. 6th Semester Examination - 2022

## BENGALI

Course Code: BBNGDSHT6 [DSE-6]

Course Title: বাংলাসাহিত্যে প্রাচ্য ও পাশ্চাত্য প্রভাব

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘণ্টা

যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ১×১০=১০

- ক) মধুসূদন দত্তের ওড জাতীয় কাব্যটির নাম লেখো।
- খ) রবীন্দ্রনাথ ঠাকুরের 'প্রাচীনসাহিত্য' গ্রন্থের দুটি প্রবন্ধের নাম লেখো যেখানে কবি কালিদাসের কাব্য সম্পর্কে আলোচনা রয়েছে।
- গ) কোন্ সাহিত্যিককে একসময় 'বাঙ্গালার স্কট' বলা হত?
- ঘ) মধুসূদন দত্তের প্রিয় দুজন পাশ্চাত্য কবির নাম লেখো।
- ঙ) 'গাইব মা বীররসে ভাসি মহাগীত' — কার লেখা কোন্ কাব্য থেকে নেওয়া হয়েছে?
- চ) 'বনলতা সেন' কবিতার সঙ্গে কোন্ পাশ্চাত্য কবির কোন্ কবিতার সাদৃশ্য খুঁজে পাওয়া যায়?
- ছ) 'মেঘনাদবধ কাব্য' কোন্ ছন্দে লেখা?
- জ) 'নিমচাঁদ' কার লেখা কোন্ নাটকের চরিত্র?

বা) গিরিশচন্দ্রের একটি সামাজিক নাটকের নাম লেখো যেখানে শেক্সপীয়রের প্রভাব আছে?

এ) 'The Waste Land' কার লেখা?

ট) রবীন্দ্রনাথের 'ক্ষণিকা' কাব্যগ্রন্থের দুটি কবিতার নাম লেখো যেখানে কালিদাসের কাব্যসৌন্দর্যের প্রতি কবির অনুরাগ লক্ষ করা যায়।

ঠ) স্কটের উপন্যাসে কোন্ দেশের অতীত সৌন্দর্যের কথা বেশি উঠে এসেছে?

ড) শেক্সপীয়রের নাট্যভাবনার দ্বারা প্রভাবিত দ্বিজেন্দ্রলাল রায়ের দুটি নাটকের নাম লেখো।

ঢ) বঙ্কিমচন্দ্রের প্রথম প্রকাশিত বাংলা উপন্যাসটির নাম প্রকাশসাল সহ লেখো।

ণ) 'রাজা ও রাণী' নাটকটি কার লেখা?

২। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) শেক্সপীয়রের নাটকের দুটি বৈশিষ্ট্য লেখো।

খ) পাশ্চাত্য সাহিত্যে সনেটের দুটি রূপের নাম লেখো।

গ) জীবনানন্দের 'মৃত্যুর আগে' কবিতার সঙ্গে কোন্ পাশ্চাত্য কবির কোন্ কবিতার কিছু সাদৃশ্য লক্ষ করা যায়?

ঘ) "নীলদর্পণ বাঙ্গালার Uncle Tom's Cabin" — এই উক্তিটি কার? উক্তিটির তাৎপর্য অনধিক দু'টি বাক্যে লেখো।

ঙ) হোমার কোন্ ভাষার কবি? একজন বাঙালি কবির নাম করো যিনি হোমারের দ্বারা গভীরভাবে প্রভাবিত?

চ) ঐতিহাসিক রোমান্স বলতে কী বোঝ?

ছ) তুলনামূলক সাহিত্য বলতে কী বোঝ?

জ) পাশ্চাত্য নাট্যাদর্শের দ্বারা প্রভাবিত মধুসূদন দত্তের দু'টি নাটকের নাম লেখো।

৩। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও :  $৫ \times ২ = ১০$

ক) মধুসূদনের 'বীরাস্ত্রনা কাব্যে' ওভিদের প্রভাব সংক্ষেপে লেখো।

খ) রবীন্দ্রনাথের 'মানসী' কাব্যের অন্তর্গত 'মেঘদূত' কবিতায় কালিদাসের কাব্যের প্রভাব সংক্ষেপে আলোচনা করো।

গ) দ্বিজেন্দ্রলাল রায়ের নাট্যসাহিত্যে শেক্সপীয়রের প্রভাব সম্পর্কে সংক্ষেপে লেখো।

৪। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :  $১০ \times ১ = ১০$

ক) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের উপন্যাসে স্যার ওয়াল্টার স্কটের প্রভাব সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

খ) মধুসূদন দত্তের কাব্যে পাশ্চাত্য কবিতার যে প্রভাব লক্ষ করা যায় তা লেখো।

গ) “প্রত্যক্ষ প্রভাব ভাবগত, মনের গভীরতম স্তরে তার ত্রিণ্যাকলাপ।” — কবি জীবনানন্দের কবিতায় ইয়েটস ও এলিয়টের কবিতার ভাবগত প্রভাব কতখানি পড়েছে তা আলোচনা করো।